**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 19-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যে আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে যথাযথ মর্যাদায় ৪৮তম ককবরক দিবস উদযাপন করা হয়।**
**(২) এডিসি'র উদ্যোগে খুমুলুং-এ আজ ককবরক দিবস উদযাপিত।**
**(৩) সংযুক্ত আরব আমিরশাহীর রাষ্ট্রপতি শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ান আজ সন্ধ্যায় নতুনদিল্লি পৌঁছেছেন।**
**(৪) সমগ্র শিক্ষা অভিযানে ঊনকোটি জেলাভিত্তিক ক্রীড়া প্রতিযোগিতা আজ কৈলাশহর কলেজ স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়।**

***************************

**CM Greetings-Kokborok Day :**

রাজ্যে আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে যথাযথ মর্যাদায় ৪৮তম ককবরক দিবস উদযাপিত হয়। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ককবরক ভাষা দিবস উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা এবং অভিনন্দন জানিয়েছেন।

#####Byte-CM#####

শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন দৈনন্দিন জীবনে ককবরক ভাষার ব্যবহারে আরো উৎসাহিত করতে ককবরক দিবস উপলক্ষে রাজ্য সরকার একটি পকেট ককবরক অভিধান প্রকাশের উদ্যোগ নিয়েছে। ককবরক ভাষার সার্বিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কর্মশালা, প্রশিক্ষণ কর্মসূচি ও গবেষণা কার্যক্রম নিয়মিতভাবে আয়োজন করা হচ্ছে। তিনি বলেন মাইনর রিসার্চ প্রজেক্ট চালু করা, অনলাইন ও অফলাইন ককবরক ভাষা কোর্স প্রবর্তন সহ ডিজিটাল শ্রেণীকক্ষ স্থাপন, আগরতলা পুরনিগম এলাকায় বিভিন্ন স্থানে ককবরক বাংলা ইংরেজি ত্রিভাষিক সাইনবোর্ড স্থাপন সহ বিভিন্ন কাজ হাতে নেওয়া হয়েছে।

******************************

**Kokborok Day :**

ককবরক ও অন্যান্য সংখ্যালঘু ভাষা দপ্তরের উদ্যোগে আজ সকালে রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্য ককবরক ভাষা উন্নয়ন উপদেষ্টা কমিটির চেয়ারম্যান ডা. অতুল দেববর্মা এবং ভাইস চেয়ারম্যান তথা বিধায়ক রামপদ জমাতিয়া।

অনুষ্ঠানে ডা. অতুল দেববর্মা বলেন, মাতৃভাষা আমাদের চেতনার পরম আশ্রয়। এই দিনটি ককবরক ভাষাভাষী জনজাতির ইতিহাসের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। ১৯৭৯ সালের ১৯ জানুয়ারি ককবরক ভাষাকে সরকারি ভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।

বিধায়ক শ্রী জমাতিয়া ককবরক ভাষা চর্চা ও প্রসারের জন্য সবার প্রতি আহ্বান জানান। ককবরক ভাষাকে আরও সমৃদ্ধ করতে তিনি রাজ্যবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। অনুষ্ঠানে চারটি ককবরক বইয়ের মলাট উন্মোচন করা হয়। অনুষ্ঠানে ককবরক ভাষা শিক্ষায় ৬ জন শিক্ষককে সম্মাননা প্রদান করা হয়। অতিথিগণ স্মরণিকা 'য়াকপাই' এবং সাহিত্য ম্যাগাজিন 'খুমপুই'-এর আবরন উন্মোচন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার এবং ককবরক ও অন্যান্য সংখালঘু ভাষা দপ্তরের অধিকর্তা আনন্দহরি জমাতিয়া। অনুষ্ঠানের শুরুতে একটি বর্ণাঢ্য র‍্যালি রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণ থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

****************************

**Kokborok Day-ADC :**

ককবরক দিবস উপলক্ষ্যে আজ এডিসির সদর দপ্তর খুমুলং-এর নুউাই অডিটোরিয়ামে বর্নাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। এর আগে একটি রেলি বিভিন্ন পথ পরিক্রমা করে। উপস্থিত ছিলেন এডিসি'র শিক্ষা দপ্তরের নির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, এম.ডি.সি উমাশংকর দেববর্মা।

*****************************

**Kokborok Day observation :**

আজ বিকেলে জনজাতি গবেষনা ও সংস্কৃতি কেন্দ্রের উদ্যোগে রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ককবরক দিবস উদযাপন করা হয়। উদ্বোধন করেন জনজাতি কল্যাণ দপ্তরের সচিব ড. কে শশীকুমার। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি রাজ্যে ককবরক ভাষা উন্নয়নে রাজ্য সরকারের গৃহিত পদক্ষেপ বিস্তারিত উল্লেখ করেন।

######Byte-K Sasikumar######

*********************************

**TPTL :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, বিদ্যুৎ সরবরাহ ব্যাহত না করে যাতে বৈদ্যুতিন লাইন মেরামত করা যায়, সেই লক্ষ্যে নতুন প্রযুক্তি বাস্তবায়নের জন্য কাজ করছে সরকার। আজ আগরতলায় ত্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেডের তৃতীয় প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, ২০৩১-৩২ অর্থবছরে রাজ্যে বিদ্যুতের সম্ভাব্য ৭০০ মেগাওয়াট চাহিদা পূরণের লক্ষ্যকে সামনে রেখে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির উদ্যোগ নেওয়া হচ্ছে।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Aal Nahiyan :**

সংযুক্ত আরব আমিরশাহীর রাষ্ট্রপতি শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ান আজ সন্ধ্যায় নতুনদিল্লি পৌঁছেছেন। রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণের পর সরকারীভাবে এটি তাঁর তৃতীয় এবং গত এক দশকে পঞ্চমবার ভারত সফর। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান। এই সফর ভারত-সংযুক্ত আরব আমিরশাহীর ব্যাপক কৌশলগত অংশীদারিত্বকে আরও এগিয়ে নেওয়ার এবং পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক বিষয়গুলিতে মতামত বিনিময়ের সুযোগ করে দেবে বলে আশা করা হচ্ছে।

*****************************

**Kokborok Day-Khowai :**

খোয়াই জেলাভিত্তিক ৪৮তম ককবরক ভাষা দিবস বাচাইবাড়ী কমিউনিটি হলে উদযাপন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, বিধায়ক নির্মল বিশ্বাস, খোয়াই জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায়, এডিসি কার্যকরী সদস্য অনন্ত দেববর্মা।

**************************

**Kokborok Day-Kailashahar :**

কৈলাশহরের ভগৎ সিং হলে আজ ককবরক দিবস উপলক্ষ্যে জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। বক্তব্য রাখেন কৈলাশহরের মহকুমা

শাসক এস, কার্জন হালাম, মহকুমা কল্যাণ আধিকারিক মতিরঞ্জন দেববর্মা প্রমুখ। মহকুমাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতায় দুটি দল অংশগ্রহণ করে।

*************************

**Kokborok Day-Gomati :**

গোমতি জেলাতেও আজ যথাযথ মর্যাদায় ককবরক দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে উদয়পুর, অমরপুর ও করবুক মহকুমায় প্রশাসনের উদ্যোগে বর্নাঢ্য মিছিল ও নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

***************************

**Kakborak Day-GMP South :**

ত্রিপুরা রাজ্য উপজাতি গনমুক্তি পরিষদের উদ্যোগেও আজ দক্ষিন জেলার বিভিন্ন স্থানে ককবরক দিবস উদযাপন করা হয়। সাব্রুমের ফুলছড়িতে প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী, পতিছড়ির মুড়াসিং পাড়ায় প্রাক্তন এমডিসি পরীক্ষিত মুড়াসিং, বকাফা ব্লকের পতিছড়ি ড্রপগেইটে জিএমপির মহকুমা সম্পাদক বলরাম রিয়াং প্রমুখ বক্তব্য রাখেন।

*****************************

**Sijan Utsav-Bishalgarh :**

বিশালগড় বিধানসভা কেন্দ্রের উন্নয়নমূলক কাজের বিবরণ সাধারণ মানুষের কাছে তুলে ধরতে আজ থেকে দুদিনব্যাপী দ্বিতীয় সৃজন উৎসব ও মেলা শুরু হয়েছে। বিশালগড়ের দুর্গানগরে ভদ্রাবতী উষ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত এই উৎসবের সূচনা করেন বিধায়ক সুশান্ত দেব।

***************************

**Handloom & Sericulture :**

হস্তর্তাত-হস্তশিল্প ও রেশম চাষ অধিদপ্তরের উদ্যোগে ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতি ভবনে আজ থেকে রেশম চাষীদের নিয়ে ছয় দিনের প্রশিক্ষণ

শিবির শুরু হয়েছে। উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ। শিবিরে মোট ১৭০ জন রেশম চাষীকে প্রশিক্ষণ দেওয়া হবে।

****************************

**VB G RAM G–Dhalai :**

প্রদেশ বিজেপি সম্পাদক তাপস মজুমদার আজ আমবাসায় এক সাংবাদিক সম্মেলনে বলেন, ভিবি জি রাম জি, MGNREGA গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের একটি উল্লেখযোগ্য সংস্কার। এই আইনের লক্ষ্য ১২৫ দিনের কাজের নিশ্চয়তা, পরিকাঠামোর সঙ্গে সংযুক্তকরণ এবং ডিজিটাল বাস্তবায়ন জোরদার করে আয় বৃদ্ধি করা।

***************************

**Kokborak Day–South :**

বিলোনিয়ার বি.কে.আই, শান্তিরবাজারে বকাফা আশ্রম ইংলিশ মিডিয়াম স্কুল, ভারতচন্দ্র নগরে পিএম শ্রী পশ্চিম পাইখোলা হাইস্কুলে আজ যথাযথ মর্যাদায় ককবরক দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে বর্নাঢ্য মিছিল ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

*****************************

**CM–Tripura Bhaban :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ দিল্লিতে বীর টিকেন্দ্রজিৎ মার্গে সম্প্রসারিত ত্রিপুরা ভবনের শিলান্যাস করেন। এই প্রকল্পের আওতায় ৬টি কক্ষ ও ২টি হল নির্মিত হবে। এতে আনুমানিক ব্যয় ধরা হয়েছে ২ কোটি ৯৫ লক্ষ টাকা।

*************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে জানুয়ারি, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৩ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

************************

**Package Story-Kokborok Day :**

কথায় আছে, মাতৃভাষা মাতৃদুগ্ধ সম। আর মাতৃভাষা দিবস উদযাপন মানে সকল মাতৃভাষার প্রতি সম্মান প্রদর্শন। তাই ককবরক ভাষার সরকারী স্বীকৃতি লাভের গৌরবময় অতীতও সেই কথাটাই উপলব্ধি করায়। একটি প্রতিবেদন।

######VC#####

*************************

**MSME :**

কেন্দ্রীয় সরকার জানিয়েছে যে রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলি গত বছরের এপ্রিল থেকে ডিসেম্বরের মধ্যে তিন লক্ষেরও বেশি অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ বা এমএসএমই ঋণের আবেদন মঞ্জুর করেছে। এই ঋণের পরিমাণ ৫২ হাজার ৩০০ কোটি টাকারও বেশি।

****************************

**TREDA-Award :**

ত্রিপুরা পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থা বা TREDA রাজ্যের প্রত্যন্ত ও জনজাতি অধ্যুষিত এলাকায় সৌরশক্তি চালিত মাইক্রোগ্রিড স্থাপনের

মাধ্যমে জাতি ও জনজাতির কল্যাণে অভূতপূর্ব অবদানের জন্য ২০২৫ সালের স্কচ রৌপ্য পদকে ভূষিত হয়। সম্প্রতি নয়াদিল্লিতে এক অনুষ্ঠানে এই সম্মাননা প্রদান করেন স্কচ গ্রুপের চেয়ারম্যান সমীর কোচ্ছার।

****************************

**Sports Competition :**

সমগ্র শিক্ষা অভিযানে ঊনকোটি জেলাভিত্তিক ক্রীড়া প্রতিযোগিতা আজ কৈলাশহর কলেজ স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। নবম থেকে দ্বাদশ শ্রেণীতে পাঠরত ছাত্র-ছাত্রীরা এই প্রতিযোগিতায় অংশ নেয়।

******************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

***************************